প্রতীক আদায়ে রাজপথ কিংবা আদালতে যেতে প্রস্তুত এনসিপি: সারজিস



সংগৃহীত ছবি

জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) শাপলা প্রতীকের ন্যায্য অধিকার আইনগতভাবেই আদায় করবে বলে জানিয়েছেন উত্তরাঞ্চলের মুখ্য সংগঠক সারজিস আলম। তিনি বলেন, প্রয়োজনে রাজপথ কিংবা আদালতের দ্বারস্থ হবে দলটি। একইসঙ্গে তিনি গুজব-প্রপাগাণ্ডা রটিয়ে অস্থিতিশীলতা তৈরির চেষ্টার বিরুদ্ধে সতর্ক করেন।

জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) শাপলা প্রতীকের আইনি মালিকানা বহাল রাখতেই প্রতিশ্রুতিবদ্ধ বলে জানিয়েছেন দলটির উত্তরাঞ্চলের মুখ্য সংগঠক সারজিস আলম। তিনি স্পষ্ট করে বলেন, “প্রতীক আদায়ের ক্ষেত্রে যদি রাজপথ কিংবা আদালতের লড়াইয়ে নামতে হয়, এনসিপি সেই পথেই যাবে।”

মঙ্গলবার (৩০ সেপ্টেম্বর) দুপুরে পঞ্চগড় সদরের হাফিজাবাদ ইউনিয়নের একটি দুর্গা মন্দির পরিদর্শনকালে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে সারজিস এই মন্তব্য করেন।

তিনি আরও বলেন, “এনসিপি দৃশ্যমান ন্যায়বিচার চায়। জুলাই সনদের আইনগত ভিত্তি প্রতিষ্ঠা করতে হবে, যার মাধ্যমে মৌলিক সংস্কারগুলো বাস্তবায়ন সম্ভব হবে।”

ভারতীয় মিডিয়াকে উদ্দেশ্য করে তিনি অভিযোগ করেন, প্রপাগাণ্ডা চালিয়ে দেশে গুজব ছড়ানো এবং অস্থিতিশীল পরিবেশ তৈরির চেষ্টা করা হচ্ছে। এ প্রসঙ্গে তিনি জানান, দুর্গা প্রতিমা বিসর্জনের জন্য যেসব খাস জমি বহু বছর ধরে ব্যবহার হয়ে আসছে, তা অভ্যুত্থানের পর জাল দলিলের মাধ্যমে দখল করার চেষ্টা করা হয়েছিল। অতীতে এসব ষড়যন্ত্রে সনাতন ধর্মাবলম্বীদেরও ব্যবহার করা হয়েছিল বলে মন্তব্য করেন তিনি।